

## 46917 - মেরাজের ঘটনায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অন্য নবীদের ইমাম হওয়ার হেকমত কি?

### প্রশ্ন

মেরাজের সময় নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অন্য নবীদের ইমাম হওয়ার কারণ কি? এটি কি প্রমাণ করে?

### প্রিয় উত্তর

মসজিদে আকসাতে (যে মসজিদ ইব্রাহিম খলিল আঃ এর পরে আগত সকল নবীর ইবাদত ঘর) অন্য নবীদের ইমাম হয়ে আমাদের নবীর নামায আদায় করার কারণ হচ্ছে এটা প্রমাণ করা যে, আমাদের নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সবচেয়ে বড় নেতা; সবচেয়ে প্রাধান্যযোগ্য; হাফেয ইবনে কাছির (রহঃ) সুস্পষ্টভাবে এ কথা সূরা বনি ইসরাইলের তাফসিরের প্রথমেই উল্লেখ করেছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক সকল নবীর ইমাম হয়ে নামায আদায় করা প্রসঙ্গে বলতে গিয়ে তিনি বলেন: “এরপর তাঁর মর্যাদা ও ফজিলত প্রকাশ করার জন্য ইমামতির ক্ষেত্রে তাঁকে প্রাধান্য দেয়া হয়েছে। এটি ছিল জিব্রাইল (আঃ) এর ইঙ্গিত মোতাবেক।”

কোন সন্দেহ নেই আমাদের নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামই প্রাধান্য পাওয়ার উপযুক্ত; নবীদের সেরা। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “আমি কেয়ামতের দিন সকল বনী আদমের নেতা হব। সর্বপ্রথম আমার কবর উন্মুক্ত করা হবে। আমি হব সর্বপ্রথম সুপারিশকারী ও সর্বপ্রথম যার সুপারিশ গৃহীত হবে।”[সহিহ মুসলিম (২২৭৮)]

কোন কোন আলেম অপর একটি হেকমত উল্লেখ করার চেষ্টা করেন। তারা বলেন: হাদিসের বাণী: “আমি তাদের ইমামতি করলাম” এর মধ্যে এ ইঙ্গিত পাওয়া যায় যে, এ উম্মত সমস্ত মানব জাতির নেতৃত্ব দিবে।

আল্লাহই ভাল জানেন।